# প্রতারণার মামলায় হাইকোর্টে জামিন পেলেন বিদিশা সিদ্দিকী



বিদিশা সিদ্দিকী। ছবি: সংগৃহীত

প্রতারণার একটি মামলায় সাজাপ্রাপ্ত হয়ে কারাগারে থাকা বিদিশা সিদ্দিকীর জামিন আবেদন মঞ্জুর করেছেন হাইকোর্ট। আইনজীবীরা জানিয়েছেন, আদালতের এই আদেশের পর তার কারামুক্তির পথে আর কোনো আইনগত বাধা নেই।

রোববার (৬ সেপ্টেম্বর) বিচারপতি মো. খায়রুল আলম ও বিচারপতি মো. রাফিজুল ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

২০০৮ সালে দায়ের হওয়া প্রতারণার মামলাটিতে গত ২০ মে রায় ঘোষণা করা হয়। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জামসেদ আলমের আদালত ওই রায়ে বিদিশাকে দুই বছরের সশ্রম কারাদণ্ড দেন। একই সঙ্গে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। জরিমানা পরিশোধ না করলে অতিরিক্ত এক মাসের বিনাশ্রম কারাদণ্ডের কথাও রায়ে উল্লেখ ছিল।

পরবর্তীতে গত ২৫ আগস্ট রাত সাড়ে ৮টার দিকে রাজধানীর গুলশান থেকে বিদিশা সিদ্দিকীকে গ্রেফতার করে পুলিশ। এরপর তাকে কারাগারে পাঠানো হয়।

হাইকোর্টের জামিনের সিদ্ধান্তের ফলে এখন তার মুক্তির বিষয়ে আইনগত জটিলতা কাটল বলে জানিয়েছেন তার আইনজীবীরা।

LENS ASIA